# উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোহাম্মদ রহমত উল্লাহ, উপজেলা নির্বাহী অফিসার, চৌদ্দগ্রাম, কুমিল্লা।
সভার স্থান : সম্মেলন কক্ষ, উপজেলা পরিষদ, চৌদ্দগ্রাম, কুমিল্লা।
সভার তারিখ ও সময় : ২৮ মার্চ, ২০২৪ খ্রি., বিকাল ০২.৩০ ঘটিকা।
উপস্থিতি : পরিশিষ্ট- ক

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সম্মানিত সদস্যবর্গকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির সম্মতিক্রমে সদস্য সচিব জানান যে, কৃষি মন্ত্রণালয়, উপকরণ-২ শাখার স্মারক নং- ১২.০০.০০০০.০২৬.৩৮.০০১.২২.৫৮, তারিখ: ১০ মার্চ, ২০২৪ খ্রি. এবং ১৩ মার্চ, ২০২৪ খ্রি. তারিখ রোজ বুধবার অনুষ্ঠিত জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক কুমিল্লা জেলায় ২০২৩-২৪ অর্থ বছরে প্রনোদনা কর্মসূচীর আওতায় খরিপ-১/২০২৪-২৫ মৌসুমে উফশী আউশ ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির জন্য ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামুল্যে বীজ সহায়তা দেয়ার লক্ষ্যে ২০২৩-২৪ অর্থ বছরে বাজেটের ‘১২০০০৬৫০৫-কৃষি পুনর্বাসন’ সহায়তা খাতের অধীন **‘৩২৫১১০৯ কোডে বীজ ও চারা উপখাতে ৯,০০,০০০/-, ৩২৫১১০৫ সার উপখাতে ১৩,৩২,০০০/- এবং ৩৬৩১১৯৯ কোডে অন্যান্য অনুদান উপখাতে ২,২৫,০০০/- হিসেবে সর্বমোট ২৪,৫৭,০০০/- (~~পঁচিশ~~ চব্বিশ লক্ষ সাতান্ন হাজার টাকা মাত্র)** উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, চৌদ্দগ্রাম, কুমিল্লা’র অনুকূলে ব্যয় করার বরাদ্দ পাওয়া গিয়েছে। সদস্য খরিপ-১/২০২৪-২৫ মৌসুমে উফশী আউশ ফসলের প্রণোদনা কর্মসূচি বাস্তবায়নের উপকরণ বিতরণের নীতিমালা উপস্থাপন করেন এবং ১৩ টি ইউনিয়ন ও ০১টি পৌরসভায় গত খরিপ-১/২০২৩-৩৪ মৌসুমে আউশ ধানের আবাদ এবং খরিপ-১/২০২৪-২৫ মৌসুমে আবাদ সম্ভাবনার নিরিখে একটি খসড়া বিভাজন সভায় উপস্থাপন করেন। উপস্থিত সম্মানিত সদস্যগণ বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করতঃ সর্ব সম্মতিক্রমে সদস্য সচিব কর্তৃক উপস্থাপিত নিম্নোক্ত বিভাজন অনুমোদনসহ নিম্নে বর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্র. নং | পৌরসভা/ইউনিয়ন | উপকারভোগী কৃষকের সংখ্যা | মোট জমির পরিমাণ (বিঘা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | কাশিনগর | ৪০০ | ৪০০ | খরিপ-১/২০২৩-৩৪ মৌসুমে আউশ ধানের আবাদ এবং খরিপ-১/২০২৪-২৫ মৌসুমে আবাদ সম্ভাবনার নিরিখে একটি খসড়া বিভাজন করা হয়েছে। |
| ২ | উজিরপুর | ১৫০ | ১৫০ | |
| ৩ | কালিকাপুর | ১০০ | ১০০ | |
| ৪ | শ্রীপুর | ৭৫০ | ৭৫০ | |
| ৫ | শুভপুর | ৮০০ | ৮০০ | |
| ৬ | ঘোলপাশা | ১০০ | ১০০ | |
| ৭ | পৌরসভা | ২০০ | ২০০ | |
| ৮ | মুন্সীরহাট | ৩০০ | ৩০০ | |
| ৯ | কনকাপৈত | ২০০ | ২০০ | |
| ১০ | বাতিসা | ২০০ | ২০০ | |
| ১১ | চিওড়া | ১০০ | ১০০ | |
| ১২ | গুনবতী | ১০০ | ১০০ | |
| ১৩ | জগন্নাথদিঘি | ১০০ | ১০০ | |
| ১৪ | আলকরা | ১০০ | ১০০ | |
| | মোট= | ৩৬০০ | ৩৬০০ বিঘা | |

**বাস্তবায়ন পদ্ধতি/সিদ্ধান্ত:**

১. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিএ ২০০৬ ও পিপিআর ২০০৮ (সংশোধিত) অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে এবং এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য পুনর্বাসন কার্যক্রমের সাথে দ্বৈততা পরিহার করতে হবে। ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট ব্যয়কারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

২. প্রণোদনা কার্যক্রম বাস্তবায়নে বীজ বপন থেকে শুরু করে ফসল কর্তন পর্যন্ত বীজ, সার, সেচ, কৃষি যন্ত্র এবং কীটনাশকের পরিমিত ব্যবহার সম্পর্কে কৃষককে নিয়মিত পরামর্শ/প্রশিক্ষণ প্রদানসহ উপসহকারী কৃষি কর্মকর্তা থেকে ঊর্ধ্বতন পর্যায়ের কর্মকর্তাগণ নিবিড়ভাবে পর্যবেক্ষণ করবেন। উপকরণ বিতরণে উপসহকারী কৃষি কর্মকর্তাগণ কারিগরী সহয়তা প্রদান করবেন।

৩. উপকরণ বিতরণের সমগ্র প্রক্রিয়া যথাযথভাবে পরিবীক্ষণ করতে হবে। উপকরণ বিতরণ অবশ্যই উপজেলা সদর থেকে করা হবে। সকল উপকরণ কৃষক নিজে গ্রহণ করবেন। কোন অবস্থায় প্রকৃত তালিকাভুক্ত কৃষক ছাড়া অন্য কাউকে উপকরণ প্রদান করা যাবে না বা একজনের উপকরণ অন্য জনকে প্রদান করা যাবে না।

৪. কৃষি প্রণোদনা কার্যক্রম (বীজ ও সার সহায়তা) বাস্তবায়নের লক্ষ্যে উপসহকারী কৃষি কর্মকর্তাগণ কৃষক নির্বাচন, অগ্রাধিকার তালিকা (কৃষক তথ্য ছক) ও মাস্টাররোল প্রস্তুত করবেন। জেলা কৃষি পুর্নবাসন বাস্তবায়ন কমিটির নিয়ন্ত্রণে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি অগ্রাধিকার তালিকা অনুমোদন, উপকরণ বিতরণ প্রভৃতি কার্যক্রম বরাদ্দকৃত অর্থের মধ্যে নীতিমালা অনুযায়ী বাস্তবায়ন করবেন।

৫. উপজেলা ও জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক কৃষক তালিকা চূড়ান্ত করার পর 'কৃষক তথ্য ছক' পূরণ করে উপজেলা কৃষি অফিসার কর্তৃক উপকরণ বিতরণ কার্যক্রম শুরুর পূর্বে উপপরিচালক, কুমিল্লা মহোদয়ের মাধ্যমে সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামার বাড়ি, ঢাকা বরাবর ই-মেইলে (admonitoring@dae.gov.bd) প্রেরণ করতে হবে এবং পাশাপাশি এ তালিকা উপজেলা কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

৬. স্থানীয় উপযোগীতার ভিত্তিতে অধিক ফলনশীল উফশী আউশ ধানের প্রত্যায়িত/মানঘোষিত বীজ (জাত: ব্রিধান-৪৮/ব্রিধান-৮২/ব্রিধান-৮৫/ব্রিধান-৯৮/বিনা ধান-১৯/বিনা ধান-২১) বিএডিসি/ডিএই-র "আধুনিক প্রযুক্তির মাধ্যমে কৃষক পর্যায়ে উন্নতমানের ধান, গম ও পাট বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্প" হতে (জিও'র বিভাজন অনুযায়ী) নির্ধারিত মূল্যে সংগ্রহ করতে হবে;

৭. অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত প্রতি কৃষক উফশী আউশ চাষের জন ৫ (পাঁচ) কেজি করে উফশী আউশ ধানের বীজ, ১০ কেজি করে ডিএপি সার ও ১০ কেজি করে এমওপি সার সহায়তা পাবেন। প্রতি ৫ (পাঁচ) জনের একটি গ্রুপ করে প্রতি গ্রুপে ৫০ কেজি ওজনের ১ (এক) বস্তা ডিএপি ও ৫০ কেজি ওজনের ১ (এক) বস্তা এমওপি সার বিতরণ করতে হবে;

৮. সংশ্লিষ্ট ব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তা এ কর্মসূচির জন্য মনোনীত (অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত) প্রত্যেক কৃষকের স্ট্যাম্প সাইজের ছবিযুক্ত কৃষি কার্ডের (যদি থাকে) উপকরণ সহায়তা অংশে যথাযথভাবে উপকরণের পরিমান লিপিবদ্ধ পূর্বক উপকরণ গ্রহণকারী কৃষকের স্ট্যাম্প সাইজের ছবি, জাতীয় পরিচয়পত্র নম্বর, কৃষি কার্ড নম্বর (যদি থাকে) ও মোবাইল নম্বর দিয়ে মাস্টার রোল পূরণ করবেন এবং সংরক্ষণের জন্য সদস্য সচিবের অফিসে জমা দিবেন। মাস্টাররোলে উপকরণগ্রহণকারী কৃষকের স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। উপসহকারী কৃষি কর্মকর্তা এতে স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি অফিসার এতে প্রতিস্বাক্ষর করবেন।

৯. কর্মসূচির যাবতীয় সমন্বয় রেকর্ডপত্র অডিটের জন্য সংশ্লিষ্ট উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভাপতি/সদস্য সচিব (উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা কৃষি অফিসার) এর অফিসে সংরক্ষিত থাকবে।

১০. উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি প্রণোদনার জন্য প্রদত্ত উপকরণ বিতরণের নিমিত্তে ব্লক/ইউনিয়ন ভিত্তিক বিতরণ রেজিস্টার, সংশ্লিষ্ট কৃষকের অগ্রাধিকার তালিকা, মাস্টার রোলসহ যাবতীয় হিসাবাদি ও কাগজপত্র সংরক্ষণ করবেন।

১১. কর্মসূচির প্রকৃত সুফল প্রাপ্তির জন্য যথাসম্ভব দ্রুত এ কার্যক্রম বাস্তবায়ন সমাপ্ত করতে হবে, কোনভাবেই বিলম্ব গ্রহণযোগ্য হবে না। প্রণোদনা কার্যক্রম শেষ হওয়ার ১০ কর্মদিবসের মধ্যে অর্থ ব্যয়ের বিস্তারিত বিবরণী, মাস্টার রোল ও সমন্বয় বিবরণী (অব্যয়িত অর্থ থাকলে তা জমা দেয়ার চালানের ছায়ালিপিসহ) অর্থ বিভাগে প্রেরণের জন্য মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাধ্যমে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে বিধায় সমন্বয় বিবরণী ২ কপি উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কুমিল্লা এবং ১ কপি জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কুমিল্লার নিকট প্রেরণ করতে হবে।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/০৩/২৪

মোহাম্মদ রহমত উল্লাহ
উপজেলা নির্বাহী অফিসার
ও সভাপতি
উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
চৌদ্দগ্রাম, কুমিল্লা।

স্মারক নং- ১২.১৮.১৯৩১.০০০.৪১.০৯২.২৩. ২০৭

তারিখঃ ১৪ কার্তিক, ১৪৩০ / ২৮ মার্চ ২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলোঃ

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৫৯, কুমিল্লা-১১ (চৌদ্দগ্রাম)।

২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চৌদ্দগ্রাম, কুমিল্লা।

৩। মেয়র, চৌদ্দগ্রাম পৌরসভা, চৌদ্দগ্রাম, কুমিল্লা।

৪। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চৌদ্দগ্রাম, কুমিল্লা।

৫। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চৌদ্দগ্রাম, কুমিল্লা।

Ahmed. 28/3/24

জুবায়ের আহমেদ
উপজেলা কৃষি অফিসার
ও সদস্য সচিব
উপজেলা কৃষি পুর্নবাসন বাস্তবায়ন কমিটি
চৌদ্দগ্রাম, কুমিল্লা
মোবাইলঃ ০১৭০০-৭১৫৬৬০
ই-মেইলঃ uaochouddagram@gmail.com

স্মারক নং- ১২.১৮.১৯৩১.০০০.৪১.০৯২.২৩. ২০৭

তারিখঃ ১৪ কার্তিক, ১৪৩০ / ২৮ মার্চ ২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১। জেলা প্রশাসক, কুমিল্লা।

২। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামার বাড়ি, কুমিল্লা।

৩। জনাব ......................................................................., সদস্য, উপজেলা কৃষি পূর্নবাসন বাস্তবায়ন কমিটি।

৪। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), চৌদ্দগ্রাম, কুমিল্লা। (তালিকা প্রস্তুতে সংশ্লিষ্ট উপসহকারী কৃষি কর্মকর্তাকে সহয়তা করতে অনুরোধ করা হল)

৫। জনাব মামুন হোসেন, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপজেলা কৃষি অফিস, চৌদ্দগ্রাম, কুমিল্লা। (কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশ করুন)

৬। অফিস কপি।

Ahmed. 28/03/24

জুবায়ের আহমেদ
উপজেলা কৃষি অফিসার
ও সদস্য সচিব
উপজেলা কৃষি পুর্নবাসন বাস্তবায়ন কমিটি
চৌদ্দগ্রাম, কুমিল্লা
মোবাইলঃ ০১৭০০-৭১৫৬৬০
ই-মেইলঃ uaochouddagram@gmail.com

## পরিশিষ্ট-ক

### উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর

| ক্রমিক নং | সদস্যদের নাম | পদবী ও কর্মস্থল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মোহাম্মদ রহমত উল্লাহ | উপজেলা নির্বাহী অফিসার, চৌদ্দগ্রাম, কুমিল্লা। | স্বাক্ষরিত |
| ২ | জনাব জুবায়ের আহমেদ | উপজেলা কৃষি অফিসার, চৌদ্দগ্রাম, কুমিল্লা। | স্বাক্ষরিত |
| ৩ | জনাব নাহিদ হাসান | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, চৌদ্দগ্রাম, কুমিল্লা। | স্বাক্ষরিত |
| ৪ | জনাব মোঃ শেফাউল আলম | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, চৌদ্দগ্রাম, কুমিল্লা। | স্বাক্ষরিত |
| ৫ | জনাব মোঃ আতাউর রহমান মজুমদার | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, চৌদ্দগ্রাম, কুমিল্লা। | স্বাক্ষরিত |
| ৬ | জনাব মোঃ জোবায়ের হাসান | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চৌদ্দগ্রাম, কুমিল্লা। | স্বাক্ষরিত |